ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স.-২৫২৭

বিলোনীয়া, ২৬ আগস্ট, ২০২৫

**৩ সেপ্টেম্বর বিলোনীয়ায় বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির জেলাভিত্তিক কর্মশালা**

বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির জেলাভিত্তিক কর্মশালা ও সচেতনতামূলক অনুষ্ঠান উদযাপন উপলক্ষে দক্ষিণ ত্রিপুরা জেলাশাসকের কনফারেন্স হলে আজ এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক হেমন্ত দেববর্মা, অতিরিক্ত পুলিশ সুপার সুমন মজুমদার, বিলোনীয়া মহকুমার মহকুমা শাসক দেবাশিস দাস, শিক্ষা দপ্তরের আধিকারিক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। জেলাভিত্তিক এই কর্মশালা ও সচেতনতামূলক অনুষ্ঠান আগামী ৩ সেপ্টেম্বর বিলোনীয়ার এসডি বর্মণ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। এই অনুষ্ঠানের মাধ্যমে জেলায় কন্যা শিশুর সুরক্ষা, শিক্ষা ও ক্ষমতায়ণ ইত্যাদি ক্ষেত্রে বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির উদ্দেশ্য, এর বিভিন্ন উল্লেখযোগ্য সাফল্য এবং গুরুত্বের বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

******